RAISINA BENGALI SCHOOL,C.R.PARK
WORKSHEET (2020-21) CLASS VII; SUB- BENGALI
TEACHER: JOYSHREE BELEL

# সিলেবাসের প্রথম কবিতা :- রাজধর্ম

কৃত্তিবাস ওঝা

পিতা পুত্রে বসিলেন সিংহাসন পরে।

পাত্রমিত্র সকলে বেষ্টিত নৃপবরে ॥

নক্ষত্রবেষ্টিত যেন পূর্ণ শশধর।

সেই মত শোভিত হইল রঘুবর॥

পুত্রেরে শিখান বিদ্যা সভা বৈদ্যমান।

রাজনীতি, ধর্ম আর বিবিধ বিধান॥

প্রথমা রাণীর তুমি প্রথম নন্দন।

ভূপতি হইয়া কর প্রজার পালন॥

লোকের রঞ্জন তুমি করিহ যতনে।

তোমার মহিমা যেন সর্বত্র বাখানে॥

রাজনীতি, ধর্ম তুমি শিখ সাবধানে।

যাহাতে মহিমা যশ বাড়ে দিনে দিনে॥

পরহিংসা পরপীড়া না করিহ মনে।

কভু না করিহ রাম লোভ পরধনে।

শরণ লইলে শত্রু কর পরিত্রাণ॥

অপরাধ বীনা কর না লইও প্রাণ॥

দরিদ্রদের ভরণ করিও চিরদিন।

আদর করিও তারে জ্ঞানে যে প্রবীণ॥

আচার বিনয় বিদ্যা ধর্মবল আর।

আছে যার মানে তাeরে সকল সংসার॥

অবিনয়ী অবিবেকী রাজা যদি হয়।

দীন হতে দীন দেখ নাহিক সংশয়॥

১) প্রথমে কবিতাটি দেখে সুন্দর করে খাতায় লেখ। তারপর মুখস্ত করে না দেখে লেখার অভ্যাস করবে।

২)কবিতাঅংশটি কৃত্তিবাস ওঝার রচিত 'রামায়ণ' গ্রন্থ থেকে গৃহীত হয়েছে।

৩) এইবার কবিতা থেকে কিছু কঠিন বানান খাতায় লেখ।

৪) কবিতা থেকে কিছু কঠিন শব্দের অর্থ দেওয়া হলো;

নৃপবর - রাজা। বিধান – নিয়ম। নন্দন – পুত্র।

আধবেকী – বিবেকহীন। সংশয় – সন্দেহ। শশধর- চাঁদ।

রঘুবর – রাম। রাজধর্ম –রাজার পালনীয় ধর্ম।

পদ পরিবর্তণ:-

1)লোভিত- লোভন। 2)বেষ্টিত – বেষ্টন।3)পালন – পালিত।

4)রঞ্জন – রঞ্জিত। 5)দরিদ্র – দারিদ্র। 6)মন – মানবিক।

গদ্য রূপ:

১) যতনে –যত্নে ২) বাখানে – প্রচারিত হয়

৩) করিহ – করো ৪) নাহিক – না

প্রশ্নের উত্তর :

১) দশরথ কোথাকার রাজা ছিলেন?

উ) দশরথ অযোধ্যার রাজা ছিলেন।

২) দশরথ কখন রামচন্দ্রকে এই উপদেশ দিয়েছিলেন?

উ) দশরথ রামচন্দ্রের রাজা হওয়ার সময় এই উপদেশ দিয়েছিলেন।

৩) রামচন্দ্র কে এখানে অপর কি নামে অভিহিত করা হয়?

উ) রাজচন্দ্র কে এখানে ‘রঘুবর’ নামে অভিহিত করা হয়।

৪) দশরথ রামচন্দ্র কে কি কি শিক্ষা দিতে চেয়েছিলন।

উ) দশরথ রাম চন্দ্রকে রাজনীতি, ধর্ম, আর বিবিধ বিধান গুলির শিক্ষা দিতে চেয়ে ছিলেন।

৫)কী কী কাজ রাজার করা উচিত?

উ) রাজার পর কই হিংসা করা উচিত নয়। পরের ধনসম্পত্তির উপর লোভ করা উচিত নয়।আর কারুর মনে অকারনে আঘাত করা উচিত্ নয়।

৬)শরনাগতের প্রতি রাজার কেমন আচরণ হওয়া উচিত?

উ)শত্রুও যদি শরনাগত হয় তবে তাকে রাজার রক্ষা করা উচিত।

নিচের প্রশ্নের উত্তর নিজেরা লেখ:

কবিতাটি কর রচনা?

কবির কোন গ্রন্থ থেকে কবিতাটি গৃহীত হয়েছে?